# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৮/ তারিখঃ ০৩/০৯/২০১৮

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ১৩/০৯/২০১৮ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০ : ০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য সূচী ঃ
১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি প্রসঙ্গে আলোচনা।
৩) বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা প্রসঙ্গে আলোচনা।
৪) বিবিধ।

০৩/০৯/১৮

(মোঃ আশরাফ উজ্জামান)
৫নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
সংস্থাপণ ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ

প্রাপকঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব
সংস্থাপণ ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখঃ ২৩/০৯/২০১৮, সময় ঃ সকাল ; ১০; টা

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আশরাফ উজ্জামান | সভাপতি | ২৩/০৯/২০১৮ |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | সদস্য | রুবিয়া ২৩/০৯/২০১৮ |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | রাবেয়া ২৩/০৯/২০১৮ |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | ২৩/০৯/২০১৮ |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

<u>সংস্থাপন ও অর্থ  বিষয়ক স্থায়ী  কমিটির সভার কার্য বিবরনী</u>

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফ উজ্জামান, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া।

স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।

তারিখ ঃ ১৩/০৯/২০১৮ ইং।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

<u>উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে)</u>

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব রুবিয়া বেগম | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলার- ১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলার- ৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলার ১নং ওয়ার্ড কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আশরাফ উজ্জামান, কাউন্সিলার ০৫নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি প্রসঙ্গে আলোচনা। | জনাব নাসির উদ্দিন সরদার, ১ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ সভায় বলেন সংস্থাপন ও অর্থ  বিষয়ক স্থায়ী কমিটির সভা যাতে নিয়মিত হয় সে ব্যপারে সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানাচ্ছি। নিয়মিত সংস্থাপন ও অর্থ  বিষয়ক স্থায়ী কমিটির সভা আয়োজন করতে পারলে  আমাদের সুস্পষ্ট ধারণা আসবে যার ফলে আমরা পৌর নাগরিক বৃন্দকে কাঙ্খিত সেবা দিতে সক্ষম হবো। | সংস্থাপন ও অর্থ. বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। |
| ০৩ | বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা / কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা প্রসঙ্গে আলোচনা। | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলার- ৩, কোটালীপাড়া পৌরসভা, জনাব রাবেয়া বেগম বলেন- প্রতিযোগীতা মূলক প্রায় প্রতিটি কাজে আসে সফলতা। বৃদ্ধি পায় দক্ষতা আগ্রহ এবং মনোবল। ঠিক তেমনিভাবে পৌরসভাকে একটি মডেল পৌরসভায় রুপান্তর করতে হলে প্রয়োজন কর্মকর্তা-কর্মচারীবৃন্দের দক্ষতাবৃদ্ধি, নিয়মানুবর্তিতা। সে ক্ষেত্রে পৌরসভার পৌরবাসির উন্নয়নের স্বার্থে আমাদের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে । এর মধ্যে  বাৎসরিক ভিত্তিতে পৌর কর্মকর্তা / কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করে পুরুস্কারের ব্যবস্থা করা যেতে পারে। | বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা / কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করে পুরুস্কৃত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

১৩/০৯/২০১৮

(মোঃ আশরাফউজ্জামান)
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ  বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

২। জনাব.........................................সংস্থাপন ও অর্থ বিষয়ক কমিটি।

৩। ..................................................

৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

৩০/০৯/২০১৮

(মোঃ আশরাফউজ্জামান)
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।